গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৫৭

**বিটিভি'র নতুন কুঁড়ি প্রতিযোগিতা সফল করতে রাজশাহীতে অংশীজনদের সভা অনুষ্ঠিত**

রাজশাহী, ১৯ ভাদ্র (০৩ সেপ্টেম্বর):

প্রায় ২০ বছর পর আবারও বাংলাদেশ টেলিভিশনের নতুন কুঁড়ি প্রতিযোগিতা শুরু হতে যাচ্ছে। এ প্রতিযোগিতার কার্যকর ও সফল বাস্তবায়নে আজ বুধবার (০৩ সেপ্টেম্বর) রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অংশীজনদের সমন্বয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আফিয়া আখতার।

সভাপতির বক্তব্যে আফিয়া আখতার বলেন, আমরা ছোটবেলায় বিটিভিতে নতুন কুঁড়ি প্রতিযোগিতা দেখার জন্য অধীর আগ্রহে বসে থাকতাম। এই প্রতিযোগিতা থেকে যেসব শিল্পী বেরিয়ে এসেছেন তারা এখনো বিভিন্ন ক্ষেত্রে কৃতিত্ব দেখিয়ে যাচ্ছেন। দীর্ঘ ২০ বছর বিরতির পর সরকারের নতুন কুঁড়ি প্রতিযোগিতা আয়োজন একটি চমৎকার উদ্যোগ।

তিনি বলেন, ব্যাপক প্রচারের জন্য আমাদের আরও সময়ের প্রয়োজন ছিল। তবে সময় স্বল্পতা থাকলেও যথেষ্ট প্রচারের চেষ্টা হয়েছে। আমরা উপজেলা পর্যায়েও প্রচার করেছি। প্রাথমিক ও মাধ্যমিকা শিক্ষা কর্মকর্তাসহ সবার মাধ্যমে ব্যাপক প্রচার চলমান রয়েছে।

নতুন কুঁড়ি প্রতিযোগিতার মাধ্যমে আমাদের সন্তানেরা নিজস্ব সংস্কৃতি সম্পর্কে জানতে পারবে মন্তব্য করে জেলা প্রশাসক এ প্রতিযোগিতার ব্যাপক প্রচারের জন্য অংশীজনদের প্রতি অনুরোধ জানান।

জেলা প্রশাসন আয়োজিত এ সভায় বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের দপ্তর প্রধান, সাংস্কৃতিক ব্যক্তিত্ব এবং শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রতিযোগীরা বিটিভির ওয়েবসাইট www.btv.gov.bd এ প্রবেশ করে নতুন কুঁড়ি ব্লকে গিয়ে Google Form যথাযথভাবে পূরণ করে বিনামূল্যে অনলাইনে আবেদন সাবমিট করতে পারবে। এছাড়া, বিটিভির ওয়েবসাইট থেকে ম্যানুয়্যাল আবেদন ফরম ডাউনলোডপূর্বক নির্ধারিত কাগজপত্র সংযুক্ত করে notunkuribtv@gmail.com ই-মেইলে কিংবা রেজিস্ট্রি ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে 'নতুন কুঁড়ি', বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, রামপুরা, ঢাকা-১২১৯ বরাবর নির্ধারিত সময়ের মধ্যে বিনামূল্যে আবেদন প্রেরণ করতে পারবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্ধারিত স্থানে নাম ও তারিখ লিখে প্রতিযোগীর জন্মসনদ, সদ্যতোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং পিতা অথবা মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি সংযুক্ত/আপলোড করতে হবে।

............................................................

রুহুল/তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৫/১৭.৩০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd